

“চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পে ২০/১২/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ১৫ নং ইউনিয়ন এ অনুষ্ঠিত

PRA সেশনের প্রতিবেদন

- প্রকল্পের নাম : “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প
- পিআরএ সেশন অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও স্থান : ২০/১২/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ১৫ নং ইউনিয়ন এ বিকাল ৩.৩০ ঘটিকায় ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে PRA সেশন অনুষ্ঠিত হয়।
- উপস্থিতির তালিকা : PRA সেশন এ উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত করা হলো।
- আলোচনা :
- “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পের প্ল্যানার প্রকল্পের সার্বিক বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান করেন। আলোচনার শুরুতে তিনি আনুষ্ঠানিক পরিচয়পর্ব পরিচালনা করেন। এরপর তিনি নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম এবং মীরসরাই উপজেলার জন্য চলমান উন্নয়ন প্রকল্পে উপস্থিত জনগণকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে ঢাকার সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা ও অর্থনৈতিক অঞ্চলের ফলে জনসংখ্যা বৃদ্ধিসহ সম্ভাব্য স্পষ্ট অন্যান্য সমস্যা মোকাবেলায় মীরসরাই উপজেলার জন্য যথাযথ পরিকল্পনার প্রয়োজন। আর পরিকল্পনার জন্য মীরসরাই অধিবাসীদের সহযোগিতার প্রয়োজন। তিনি উপস্থিত সদস্যদের তাদের স্ব-স্ব এলাকার সমস্যাগুলো উপস্থাপন করার অনুরোধ করেন। পিআরএ সেশনে উপস্থিত সদস্যরা পাহাড়ি ঢলের কারণে আসা পানি সঠিকভাবে নিষ্কাশিত না হওয়ার ফলে জলাবদ্ধতা হয়ে থাকে বলে জানান। বৃষ্টি হলে প্রায় সময় এলাকায় ৫ ফুট পর্যন্ত পানি জমে যায় বলে তারা জানান। প্রায় ৫ ঘণ্টা পানি জমে থাকে। এই জলাবদ্ধতার পাশাপাশি ঢানীয় প্রতিনিধিগণ সরু ও ক্ষতিগ্রস্ত সড়ক ব্যবস্থাকে ইউনিয়নের অন্যতম প্রধান সমস্যা হিসেবে আখ্যায়িত করেন। এছাড়া ইউনিয়নে অপরিকল্পিত বাড়িয়ের নির্মাণ চলমান রয়েছে বলে উল্লেখ করেন। এলাকাবাসী ইউনিয়ন এর ৫ নং ওয়ার্ডে একটি প্রাথমিক বিদ্যালয় নির্মাণের প্রস্তাব করেন। এছাড়া ০১ নং ওয়ার্ডের ১০ কিমি এর মধ্যে কোন উচ্চ বিদ্যালয় না থাকায় সেখানে একটি উচ্চ বিদ্যালয় স্থাপনের প্রস্তাব করেছেন। ইউনিয়ন এ কোন উন্নত হাসপাতাল নেই বলে এলাকাবাসী উল্লেখ করেন। তারা বলেন নিকটস্থ স্বাস্থ্য কমপ্লেক্স তাদের ইউনিয়ন থেকে অনেক দূরে অবস্থিত হওয়ায় সবার পক্ষে সবসময় সেখানে চিকিৎসা নিতে যাওয়া সম্ভব হয় না। এছাড়া বিদ্যমান স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা সুবিধা খুব অপ্রতুল। এলাকায় একটি আধুনিক মানের কারিগরি শিল্প প্রতিষ্ঠান স্থাপনের প্রয়োজনীয়তার কথা উঠে আসে আলোচনায়। ইউনিয়ন এর বিদ্যমান পুরুরের পাড় বিভিন্ন কারণে ক্ষয়ে যাচ্ছে বিধায় এলাকাবাসী পাড় বাঁধাই করার বিষয়ে প্রস্তাবনা দিয়েছেন। পর্যাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভাব, বিশুদ্ধ পানির সমস্যা, খেলার মাঠের অভাব, হাট বাজারের অভাব, প্রাথমিক বিদ্যালয়ের অভাব, ক্রমাগত কৃষি ভূমি ত্বাস ইত্যাদি নানা সমস্যার কথা তুলে ধরেন এলাকাবাসী। পিআরএ সেশনে সমস্যাবলী বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়-
- সিদ্ধান্তসমূহ :
- ১। পাহাড়ি ঢলে জলাবদ্ধতা
 - ২। শিক্ষা প্রতিষ্ঠানের অভাব
 - ৩। অপ্রসংস্থ ও ক্ষতিগ্রস্ত সড়ক
 - ৪। সুনির্দিষ্ট খেলার মাঠ নেই
 - ৫। আশেপাশের ইউনিয়ন সমূহের সাথে সংযোগ সড়কের অভাব
 - ৬। বিশুদ্ধ পানির সমস্যা
 - ৭। পাহাড়ি ঢলে কৃষি জমিতে বালু জমে ফসলী জমির ক্ষতি
 - ৮। হাট বাজারের অভাব
 - ৯। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অভাব
 - ১০। বর্জ্য ব্যবস্থাপনার অভাব
 - ১১। পানিতে আয়রন ও আর্মেনিকের উপস্থিতি রয়েছে
 - ১২। পয়নিষ্কাশন সমস্যা

পিআরএ সেশনে উল্লেখিত প্রতিটি সমস্যাগুলোর সমাধান নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত সদস্যদের ইউনিয়ন এ প্রয়োজনীয় সুবিধাসমূহের সম্ভাব্য অবস্থান সরবরাহকৃত মানচিত্রে প্রদর্শন করার জন্য অনুরোধ জানানো হয়। প্রাথমিক বিদ্যালয়, হাসপাতাল, বাজার ইত্যাদি স্থাপনের সম্ভাব্য জায়গা উপস্থিত সদস্যগণ সংশ্লিষ্ট মানচিত্রে এঁকে দেখান।

